

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৪

নং শিম/শাঃ১৪/বিবিধ-৮/২০০৫/৪৬৩

তারিখঃ ১৭ পৌষ ১৪১৯
৩১ ডিসেম্বর ২০১২

বিষয়ঃ দেশের সরকারি ও বে-সরকারি (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসা সমূহের ২০১৩ সালের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জী অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ মাউশি অধিদপ্তরের স্মারক নং- ওএম ৭৯৯বিঃ/২০০৪/৬৮৭৯ বিশেষ তারিখঃ ১৭/১২/২০১২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী ও বেসরকারী (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসা সমূহের ২০১৩ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জী সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছেঃ

ক্রমিক নং	উপলক্ষ	তারিখ ও বার	বঙ্গাব্দের তারিখ	দিন
০১	* আখেরি চাহার সোম্বা	০৯ জানুয়ারি, বুধবার	২৬ পৌষ, ১৪১৯	০১ দিন
০২	*পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)	২৫ জানুয়ারি, শুক্রবার	১২ মাঘ, ১৪১৯	০০ দিন
০৩	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	২১ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার	০৯ ফাল্গুন, ১৪১৯	০১ দিন
০৪	*ফাতেহা-ই-ইয়াজদাহম	২২ ফেব্রুয়ারি, শুক্রবার	১০ ফাল্গুন, ১৪১৯	০০ দিন
০৫	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস	১৭ মার্চ, রবিবার	০৩ চৈত্র, ১৪১৯	০১ দিন
০৬	স্বাধীনতা ও জাতীয় দিবস	২৬ মার্চ, মঙ্গলবার	১২ চৈত্র, ১৪১৯	০১ দিন
০৭	বাংলা নববর্ষ	১৪ এপ্রিল, বরিবার	০১ বৈশাখ, ১৪২০	০১ দিন
০৮	মে দিবস	০১ মে, বুধবার	১৮ বৈশাখ, ১৪২০	০১ দিন
০৯	গ্রীষ্মকালীন অবকাশ ও * বৌদ্ধ পূর্ণিমা/ বৈশাখী পূর্ণিমা (২৩মে)	১৯ মে রবিবার হতে ০৬ জুন, বৃহস্পতিবার	০৫ বৈশাখ-২৩ জ্যৈষ্ঠ ১৪২০	১৭ দিন
১০	*পবিত্র মিরাজুন্নবী (স.)	০৭ জুন, শুক্রবার	২৪ জ্যৈষ্ঠ, ১৪২০	০০ দিন
১১	*শব-ই-বরাত	২৫ জুন, মঙ্গলবার	১১ আষাঢ়, ১৪২০	০১ দিন
১২	*পবিত্র মাহে রমজান, *শব-ই-কদর (০৬ আগস্ট), জুমাতুলবিদা ও ঈদ-উল-ফিতর,	০৯ জুলাই, মঙ্গলবার থেকে ১৩ আগস্ট, মঙ্গলবার পর্যন্ত	২৫ আষাঢ় থেকে ২৯ শ্রাবণ, ১৪২০	৩১ দিন
১৩	জাতীয় শোক দিবস	১৫ আগস্ট, বৃহস্পতিবার,	৩১ শ্রাবণ, ১৪২০	০১ দিন
১৪	শুভ জন্মাষ্টমী	২৮ আগস্ট, বুধবার	১৩ ভাদ্র, ১৪২০	০১ দিন
১৫	দুর্গা পূজা (বিজয়া দশমী)	১৪ অক্টোবর, সোমবার	২৯ আশ্বিন, ১৪২০	০১ দিন
১৬	* পবিত্র ঈদ-উল-আযহা	১৫ অক্টোবর, মঙ্গলবার থেকে ২২ অক্টোবর, মঙ্গলবার পর্যন্ত	৩০ আশ্বিন থেকে ০৭ কার্তিক, ১৪২০	০৭ দিন
১৭	* হিজরি নববর্ষ (১৪৩৫হিঃ)	০৫ নভেম্বর, মঙ্গলবার	২১ কার্তিক, ১৪২০	০১ দিন
১৮	* আশুরা	১৪ নভেম্বর, বৃহস্পতিবার	৩০ কার্তিক, ১৪২০	০১ দিন
১৯	বিজয় দিবস, শীতকালীন অবকাশ, যীশু খ্রিষ্টের জন্মদিন (বড়দিন)	১৬ ডিসেম্বর, সোমবার থেকে ২৬ ডিসেম্বর, বৃহস্পতিবার পর্যন্ত	০২ পৌষ থেকে ১২ পৌষ, ১৪২০	১০ দিন
২০	প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি			০৩ দিন
		মোট=		৮০ দিন


* টাঁদ দেখার উপর নির্ভরশীল

পরীক্ষার সময়সূচি-২০১৩ খ্রিঃ

পরীক্ষার নাম	তারিখ	দিন সংখ্যা	ফলাফল প্রকাশ
প্রথম সাময়িক পরীক্ষা	১৭/০৪/২০১৩ বুধবার থেকে ৩০/০৪/২০১৩ মঙ্গলবার পর্যন্ত	১২ দিন	১৬মে, বৃহস্পতিবার
দ্বিতীয় সাময়িক পরীক্ষা ও প্রাক নির্বাচনী পরীক্ষা	২৬/০৬/২০১৩ বুধবার থেকে ০৭/০৭/২০১৩ রবিবার পর্যন্ত	১০ দিন	২৯ আগস্ট, বৃহস্পতিবার
বার্ষিক পরীক্ষা	০১/১২/২০১৩ রবিবার থেকে ১৪/১২/২০১২ শনিবার পর্যন্ত	১২ দিন	২৯ ডিসেম্বর, রবিবার

চলমান পাতা-২

- (১) শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০১৩ খ্রিঃ পর্যন্ত। ১ জানুয়ারি থেকেই ক্লাশ শুরু হবে।
- (২) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত পরীক্ষার সময়সূচি মোতাবেক সাময়িক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ০১ (এক) বছর সংরক্ষণ করবে।
- (৩) মাদ্রাসা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেসই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই বাহির থেকে ক্রয় করা প্রশ্নে পরীক্ষা নেয়া যাবে না।
- (৪) পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- (৫) সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতিত বছরের মোট ছুটি ৮০ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে সে সকল দিন উক্ত ৮০ দিনের অন্তর্ভুক্ত হবে।
- (৬) কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবে না।
- (৭) ছুটিকালীন সময়ে অনুষ্ঠিতব্য ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।
- (৮) উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, প্রাথমিক সমাপনী/জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষা ইত্যাদির প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।
- (৯) পরীক্ষার সময় পরীক্ষার কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসাসমূহে যথারীতি শ্রেণী কার্যক্রম চালু থাকবে।
- (১০) পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রসমূহে যে সব দিনে পরীক্ষা অনুষ্ঠিত হবে না, ঐ সব দিনে যথারীতি শ্রেণী কার্যক্রম চালু থাকবে।
- (১১) সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাশ বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির সম্মান প্রদর্শনের লক্ষে শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।
- (১২) পবিত্র ঈদ-ই মিলাদুল্লাহী (সঃ), শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শোক দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানের ক্লাসসমূহ বন্ধ থাকবে কিন্তু সংশ্লিষ্ট দিবসে বিষয় ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে মাদ্রাসা দিবসটি উদ্‌যাপন করবে।


(মোঃ তাজুল ইসলাম)
উপ-সচিব

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।